

Model Activity Task 2021 September

Model Activity Task Part – 6 | Class- 8 | Science

মডেল অ্যাক্টিভিটি টাস্ক ২০২১ | সেপ্টেম্বর

অষ্টম শ্রেণী| পরিবেশ | পার্ট -৬

১. ঠিক উত্তর নির্বাচন করো :

১.১ যে পদার্থটি তাপের কুপরিবাহী সেটি হলো -

(ক) তামা (খ) লোহা (গ) কাঠ (ঘ) অ্যালুমিনিয়াম

১.২ যেটি মৃদু তড়িৎবিশ্লেষ্য সেটি হলো -

(ক) সোডিয়াম ক্লোরাইড (খ) অ্যামোনিয়াম সালফেট (গ) সালফিউরিক অ্যাসিড (ঘ) অ্যাসেটিক অ্যাসিড

১.৩ মৌমাছীদের জীবনে চারটি দশার সঠিক ক্রমটি হলো -

(ক) ডিম → পিউপা → লার্ভা → পূর্ণাঙ্গ

(খ) ডিম → লার্ভা → পূর্ণাঙ্গ → পিউপা

(গ) ডিম → লার্ভা → পিউপা → পূর্ণাঙ্গ

(ঘ) ডিম → পূর্ণাঙ্গ → লার্ভা → পিউপা

২. শূন্যস্থান পূরণ করো :

২.১ কোনো অনুঘটককে গুঁড়ো করা হলে তার পৃষ্ঠতলের ক্ষেত্রফল বেড়ে যায় ।

২.২ বায়ুর কম্পনই বজ্রপাতের সময় শব্দ উৎপন্ন করে।

২.৩ ক্যাফিনের উপস্থিতির জন্য চা পানে শরীর উদ্দীপনা আসে ।

৩. একটি বা দুটি বাক্যে উত্তর দাও :

৩.১ জলে অ্যামোনিয়াম ক্লোরাইডের দ্রবীভূত হওয়া যে তাপগ্রাহী পরিবর্তন তা কী করে বুঝবে?

উঃ- একটি টেস্ট টিউবের মধ্যে অ্যামোনিয়াম ক্লোরাইডকে জলে দ্রবীভূত করা হলে দেখা যাবে যে টেস্ট টিউবের বাইরের গায়ে ফোঁটা ফোঁটা করে জল জমেছে । এই পর্যবেক্ষণের দ্বারা প্রমাণিত হয় যে, জলে অ্যামোনিয়াম ক্লোরাইডের দ্রবীভূত হওয়ার ফলে পরিবেশ থেকে তাপ শোষিত হয়েছে অর্থাৎ এটি একটি তাপগ্রাহী পরিবর্তন ।

৩.২ যক্ষমা রোগের লক্ষণ কী কী?

উঃ- যক্ষমা রোগের লক্ষণগুলি হলো :

- (i) ভয়াবহ কাশি ও তার সাথে রক্ত পড়া । রাতের দিকে কষ্ট বাড়ে ।
- (ii) প্রচল্ড ঘাম হয়, ওজন ক্রমশ কমতে থাকে ।

৪. তিন - চারটি বাক্যে উত্তর দাও :

৪.১ কোনো তরলের বাষ্পায়নের হার কোন কোন বিষয়ের উপর নির্ভর করে ?

উঃ- কোনো তরলের বাষ্পায়নের হার নির্ভর করে:

- (i) তরলের উপরিতলের ক্ষেত্রফল : তরলের উপরিতলের ক্ষেত্রফল যত বাড়ে তরল তত তাড়াতাড়ি বাষ্পে পরিণত হয় অর্থাৎ বাষ্পায়নের হার বাড়ে ।
- (ii) তরলের প্রকৃতি : বিভিন্ন তরলের বাষ্পায়নের হার বিভিন্ন । তরলের স্ফুটনাঙ্ক কম হলে বাষ্পায়নের হার বেশি হয় । উদ্বায়ী তরলের বাষ্পায়নের হার সর্বাধিক হয় ।
- (iii) তরলের ওপর চাপ : তরলের ওপর বায়ুমন্ডলের চাপ বাড়লে বাষ্পায়নের হার কমে যায় । চাপ কমলে বাষ্পায়নের হার বাড়ে ।
- (iv) তরল ও তরল-সংলগ্ন বায়ুর উষ্ণতা : তরল ও তরল-সংলগ্ন বায়ুর উষ্ণতা বাড়লে বাষ্পায়ন দ্রুত হয় ।

৪.২ কীভাবে কৃত্রিম পদ্ধতিতে মাছের ডিমপোনা তৈরি করা হয় ?

উঃ- এই পদ্ধতিতে প্রতিটি সুস্থ, সবল স্ত্রী মাছের জন্য দুটি সুস্থ সবল পুরুষ মাছ নেওয়া হয় । এরপর মাছের পিটুইটারি গ্রন্থির নির্যাস নিয়ে ওই বাছাই করা মাছদের নির্দিষ্ট নিয়ম অনুযায়ী ইনজেকশন হয় । এর ফলে স্ত্রী মাছ ডিম ও পুরুষ মাছ শুক্রাণু নিঃসরণ করে । এরপর এই শুক্রাণু ও ডিম্বাণুর মিলন ঘটিয়ে ডিমপোনা তৈরী করা হয় । এরপর ডিমপোনাগুলিকে সংগ্রহ করে আঁতুড় পুকুরে স্থানান্তরিত করা হয় ।এভাবেই কৃত্রিম পদ্ধতিতে মাছের ডিমপোনা তৈরী করা হয়ে থাকে ।